ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স- ১৮৩৭
আগরতলা, ২১ জুলাই, ২০২৫

**পশ্চিম ত্রিপুরা জেলাভিত্তিক**
**গুরুপূর্ণিমা উৎসব ২০২৫ উদযাপিত**

আগরতলার মুক্তধারা অডিটোরিয়ামে তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে এবং পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদ ও আগরতলা পুরনিগমের সহযোগিতায় গতকাল পশ্চিম ত্রিপুরা জেলাভিত্তিক গুরুপূর্ণিমা উৎসব-২০২৫ উদযাপন করা হয়। অনুষ্ঠানের সূচনা করেন সাংসদ রাজীব ভট্টাচার্য। সাংসদ রাজীব ভট্টাচার্য গুরুর প্রতি সম্মান জানিয়ে বলেন, গুরু শিষ্য পরম্পরা শিষ্য ও গুরুর সংস্কৃতির ঐতিহ্যকে বজায় রাখে। গুরুভক্তির মধ্য দিয়ে গুরু ও শিষ্যের আত্মিক শিক্ষার ধারাকে বর্তমান প্রজন্মের মাধ্যমে আরও উন্নত করতে হবে। গুরুপূর্ণিমার অনুষ্ঠান শুধু আনুষ্ঠানিকতার মধ্যে সীমাবদ্ধ রাখলে চলবেনা। হৃদয়ের অন্তস্থল থেকে শিক্ষা গুরুর প্রতি ভক্তিজ্ঞাপন ও শিক্ষা গ্রহণ করা হল বর্তমান সমাজে গুরু শিষ্য পরম্পরার মূল তাৎপর্য। এই সংস্কৃতির ধারাকে শিক্ষা ও সংস্কৃতির মধ্য দিয়ে উপলব্ধির মাধ্যমে বর্তমান সমাজব্যবস্থাকে আরও বলিষ্ঠ, সুন্দর করে তুলতে হবে।

অনুষ্ঠানে রাজ্যভিত্তিক সাংস্কৃতিক উপদেষ্টা কমিটির ভাইস চেয়ারম্যান সুব্রত চক্রবর্তী, পশ্চিম জেলার সিনিয়র ডেপুটি ম্যাজিষ্ট্রেট দেবদাস দেববর্মা, পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাধিপতি বিশ্বজিৎ শীল উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে পদ্মশ্রী স্বামী চিত্তরঞ্জন মহারাজ, পদ্মশ্রী অধ্যাপক ড. অরুনোদয় সাহা, অর্জুন পুরস্কারপ্রাপ্ত ক্রীড়াবিদ মন্টু দেবনাথকে গুরুর সম্মাননা দেওয়া হয়। অনুষ্ঠানে বিভিন্ন সাংস্কৃতিক সংস্থার শিল্পীরা গুরুর প্রতি শ্রদ্ধা জানিয়ে সঙ্গীত, নৃত্য পরিবেশন করেন। এছাড়া গুরুপূর্ণিমা উৎসব উপলক্ষ্যে তিনটি বিভাগে বসে আঁকো প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠান শেষে বসে আঁকো প্রতিযোগিতায় নির্বাচিত অঙ্কন প্রতিযোগীদের মধ্যে পুরষ্কার বিতরণ করা হয়।

*******